

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -৩৫১৬(আগরতলা, ১১।১)

সার্বুম, ১১ জানুয়ারী ২০১৮

প্রজাতন্ত্র দিবস : সার্বুমে প্রস্তুতি সভা

প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষ্যে সার্বুম নগর পঞ্চায়েতের সভাকক্ষে গতকাল এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সার্বুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রুমা মজুমদার বসাক, সার্বুমের মহকুমা শাসক বিপ্লব দাস সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয় প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষ্যে ২০ জানুয়ারী থেকে ২৬ জানুয়ারী পর্যন্ত বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হবে। ২০ জানুয়ারী সকালে সার্বুম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে শিশুদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা, ২১ জানুয়ারী ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে সার্বুম টাউন হলে আলোচনা সভা ও ছাত্র-ছাত্রীদের মধ্যে ত্রিপুরা সম্পর্কিত কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২৩ জানুয়ারী যথাযোগ্য মর্যাদায় নেতাজীর জন্মদিন পালন করা হবে। মূর্তিতে মান্যদান, ট্যাবলো শো-র আয়োজন করা হবে। বিকালে মেলার মাঠে খো-খো অনুষ্ঠিত হবে। ২৪ জানুয়ারী সকল সরকারি অফিসে সাফাই অভিযান হবে। ২৫ জানুয়ারী বিকালে সার্বুমের পোষ্ট অফিস সংলগ্ন মাঠে সীমান্ত রক্ষী বাহিনী ও সার্বুম নগর পঞ্চায়েতের খেলোয়াড়দের মধ্যে ভলিবল ম্যাচ অনুষ্ঠিত হবে। ২৬ জানুয়ারী ভোরে প্রভাতফেরি, সকাল সাড়ে ৭ টার মধ্যে সকল বেসরকারি ও সরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন, সকাল ৯ টায় সার্বুম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে মূল অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানে কুচকাওয়াজ প্রদর্শন, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। তাছাড়া সার্বুম উপ সংশোধনাগারে আবাসিকদের মধ্যে এবং হাসপাতালের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। সন্ধ্যায় সার্বুম টাউন হলে সাংস্কৃতিক আয়োজন করা হবে। এই অনুষ্ঠানে ৭ দিন ব্যাপী বিভিন্ন প্রতিযোগিতায় অংশ গ্রহণকারী বিজয়ীদের পুরস্কৃত করা হবে।
